গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

প্রধান প্রকৌশলীর কার্যালয়

উন্নয়ন শাখা-৩

গণপূর্ত অধিদপ্তর

www.pwd.gov.bd

স্মারক নম্বর: ২৫.৩৬.০০০০.২১৪.৭৫.০০১.১৭.১০ তারিখ: ৯ আশ্বিন ১৪২৪
২৪ সেপ্টেম্বর ২০১৭

বিষয়: **নাগরিক সেবায় উদ্ভাবনী কর্মকান্ড সংক্রান্ত পর্যালোচনা সভার কার্যবিবরণী প্রেরণ প্রসংগে।**

যথাযথ সম্মান প্রদর্শন পূর্বক উপর্যুক্ত বিষয়ের আলোকে, গণপূর্ত অধিদপ্তরের নাগরিক সেবায় উদ্ভাবনী কর্মকান্ডের বিষয়ে ১৪/০৯/২০১৭ খ্রিষ্টাব্দে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসংগে প্রেরণ করা হলো।

২৪-৯-২০১৭

মোসলেহ্ উদ্দীন আহাম্মদ
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
ফোন: ০২-৯৫৬৮৯১৪
ফ্যাক্স: ০২-৯৫৫৪৬২৪
ইমেইল: se_coord@pwd.gov.bd

যুগ্মসচিব, অডিট অনুবিভাগ, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়

স্মারক নম্বর: ২৫.৩৬.০০০০.২১৪.৭৫.০০১.১৭.১০/১(৭) তারিখ: ৯ আশ্বিন ১৪২৪
২৪ সেপ্টেম্বর ২০১৭

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল,

১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ

২) সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়

৩) প্রধান প্রকৌশলী , গণপূর্ত অধিদপ্তর

৪) প্রকল্প পরিচালক, একসেস টু ইনফরমেশন (এটুআই) প্রোগ্রাম

৫) অতিরিক্ত প্রধান প্রকৌশলী, অতিরিক্ত প্রধান প্রকৌশলীর দপ্তর (সংস্থাপন ও সমন্বয়), গণপূর্ত অধিদপ্তর

৬) পরিচালক, ইনোভেশন, একসেস টু ইনফরমেশন (এটুআই) প্রোগ্রাম

৭) ইনোভেশন কমিটি

২৪-৯-২০১৭

মোসলেহ্ উদ্দীন আহাম্মদ
তত্ত্বাবধায়ক প্রকৌশলী

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**গণপূর্ত অধিদপ্তর**
**উন্নয়ন শাখা-৩**

**বিষয়ঃ নাগরিক সেবায় উদ্ভাবনী কর্মকান্ড সংক্রান্ত পর্যালোচনা সভার কার্যবিবরণী।**

গণপূর্ত অধিদপ্তরের তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সমন্বয়) ও ইনোভেশন অফিসার জনাব মোসলেহ্ উদ্দীন আহাম্মদ এর সভাপতিত্বে ১৪/০৯/২০১৭ খ্রি. তারিখে নাগরিক সেবায় উদ্ভাবনী কর্মকান্ড সংক্রান্ত অগ্রগতি বিষয়ে এক সভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দ নিম্নরূপঃ

১। জনাব এস.এম জুলকারনাইন, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, গণপূর্ত প্রকল্প সার্কেল-২, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা
২। জনাব আবুল কালাম, নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত ই/এম বিভাগ-১, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা
৩। জনাব মোঃ খালেদ হুসাইন, নির্বাহী প্রকৌশলী (সমন্বয়), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা
৪। জনাব হুমায়রা বিনতে রেজা, নির্বাহী প্রকৌশলী, এম.আই.এস.সেল, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা
৫। জনাব আব্দুর রহিম রিপন, নির্বাহী প্রকৌশলী, মতিঝিল গণপূর্ত বিভাগ, ঢাকা
৬। জনাব কাজী শরীফ উদ্দিন আহমেদ, নির্বাহী প্রকৌশলী (সংস্থাপন), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা
৭। জনাব নাজমুন নাহার হামিদ, উপ-বিভাগীয় প্রকৌশলী, এম.আই.এস.সেল, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা

সভাপতি সকলকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভায় ২০১৭-২০১৮ অর্থবছরের জন্য, মন্ত্রি পরিষদ বিভাগের নির্দেশনার আলোকে প্রণীত উদ্ভাবন কর্মপরিকল্পনার অগ্রগতির বিষয়ে বিস্তারিত বিশ্লেষন করা হয়। কর্মপরিকল্পনা অনুসারে সেবা প্রক্রিয়া সহজিকরণ, দাপ্তরিক অভ্যন্তরীণ কর্মপ্রক্রিয়ার উন্নয়ন, উদ্ভাবন সহায়ক পরিবেশ তৈরী ও সোশ্যাল মিডিয়ার ব্যবহার সম্পর্কিত বিষয়ে গণপূর্ত অধিদপ্তরের চলমান কার্যক্রম ও অগ্রগতি সম্পর্কে সভায় বিস্তারিত পর্যালোচনা করা হয় ও সদস্যগণ তাদের মতামতসমুহ পেশ করেন।

সভায় নাগরিক সেবায় উদ্ভাবনী কর্মকান্ড বিষয়ে বিস্তারিত আলোচনার পরে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয় ঃ

সিদ্ধান্ত (১): **নাগরিক সেবায় উদ্ভাবনী কর্মকান্ড বিষয়ক পুনর্গঠিত কমিটিঃ**

| | |
|---|---|
| ১. জনাব মোসলেহ্ উদ্দিন আহাম্মদ, তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সমন্বয়)-ফোকাল পয়েন্ট/ইনোভেশন অফিসার | আহবায়ক |
| ২. জনাব এস.এম জুলকারনাইন, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, গণপূর্ত প্রকল্প সার্কেল-২, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা | সদস্য |
| ৩. জনাব আবুল কালাম, নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত ই/এম বিভাগ-১, ঢাকা | সদস্য |
| ৪. জনাব মোঃ খালেদ হুসাইন, নির্বাহী প্রকৌশলী (সমন্বয়), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা | সদস্য |
| ৫. জনাব হুমায়রা বিনতে রেজা, নির্বাহী প্রকৌশলী, এম.আই.এস.সেল, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা | সদস্য |
| ৬. জনাব আব্দুর রহিম রিপন, নির্বাহী প্রকৌশলী, মতিঝিল গণপূর্ত বিভাগ, ঢাকা | সদস্য |
| ৭. জনাব কাজী শরীফ উদ্দিন আহমেদ, নির্বাহী প্রকৌশলী (সংস্থাপন), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা | সদস্য |
| ৮. জনাব নাজমুন নাহার হামিদ, উপ-বিভাগীয় প্রকৌশলী, এম.আই.এস.সেল, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা | সদস্য |
| ৯. জনাব তাসফিন মুহাইমীন হক, উপ-বিভাগীয় প্রকৌশলী, এম.আই.এস.সেল, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা | সদস্য |
| ১০. জনাব অজন্তা শুক্লা তন্মা, উপ-বিভাগীয় প্রকৌশলী, গণপূর্ত ই/ইম পিএন্ডডি সার্কেল, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা | সদস্য |
| ১১. জনাব সুরভী নাসরিন ঝুমু, সহকারী প্রকৌশলী(ই/ এম),এম আই এস সেল, গণপূর্ত অধিদপ্তর, ঢাক | সদস্য |
| ১১. জনাব জাহিদ হাসনাইন, সহকারী প্রকৌশলী (সিভিল), গণপূর্ত ডিজাইন বিভাগ-২, ঢাকা | সদস্য |

সিদ্ধান্ত (২): সেবা সহজিকরণ বিষয়ে গৃহিত সিদ্ধান্তঃ

মতিঝিল গণপূর্ত বিভাগ, আজিমপুর গণপূর্ত বিভাগ, ঢাকা গণপূর্ত বিভাগ-৪, শেরেবাংলানগর গণপূর্ত বিভাগ-৩, ঢাকা গণপূর্ত সম্পদ বিভাগ ও চট্টগ্রাম গণপূর্ত বিভাগ-৪ এর দৈনন্দিন মেরামত এবং রক্ষণাবেক্ষণ সংক্রান্ত অনুরোধ কার্যাদি অনলাইনের মাধ্যমে নিষ্পত্তি করা। গণপূর্ত অধিদপ্তরের এম.আই.এস.সেল এর মাধ্যমে পুরো বিষয়টি মনিটরিং করা। ঢাকাস্থ অন্যান্য গণপূর্ত বিভাগেও অনুরূপ কার্যাদি চালুকরণে মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ের অধীন একসেস টু ইনফরমেশন (এটুআই) প্রোগ্রামের সার্ভিস ইনোভেশন ফান্ডের সহায়তায় বর্তমানে বিষয়টির বেইজ লাইন সার্ভে কাজ সম্পাদন ও এর ধারাবাহিকতায় পি.ডব্লিউ.ডি কমপ্লেইন্ট ম্যানেজমেন্ট সিস্টেম প্রকল্পটি পরিচালনা করা।

সিদ্ধান্ত (৩): প্রধান প্রকৌশলীর দপ্তর হতে ইস্যুকৃত সকল অফিস আদেশ (অর্থ বরাদ্দপত্র, NOC, GO, পদোন্নতি ও বদলি আদেশ, অডিট রিপোর্ট, বার্ষিক প্রতিবেদন, সিটিজেন চার্টার এবং অন্যান্য রিপোর্টসমূহ ইত্যাদি) গণপূর্ত অধিদপ্তরের ওয়েবসাইটে নিয়মিত আপলোড ও মাঠ পর্যায়ে কার্যকর ব্যবস্থা গ্রহণের বিষয়টি মনিটরিং করা।

সিদ্ধান্ত (৪): Online PMS (Project Monitoring System) Software এর মাধ্যমে আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় এবং স্বাস্থ্য মন্ত্রণালয়ের উন্নয়ন প্রকল্পসমূহ নিয়মিত মনিটরিং করা ও সভায় উপস্থাপন।

সিদ্ধান্ত(৫): নাগরিক সেবায় উদ্ভাবনী কর্মকান্ড বিষয়ে/সেবা সহজিকরণ এর বিষয়ে মাঠ পর্যায়ের কর্মকর্তাগণ মতামত/ধারণা/চিন্তাধারা/কর্মকৌশল প্রধান প্রকৌশলীর দপ্তরে প্রেরণ করবেন। এর সাথে গণপূর্ত অধিদপ্তরের ওয়েবসাইটের "ইনোভেশন কর্ণার" থেকে প্রাপ্ত আইডিয়া সমূহ একত্রিত করে পর্যালোচনা করা।

সিদ্ধান্ত (৬): প্রধান প্রকৌশলী মহোদয় এবং তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সংস্থাপন) এর দপ্তরের শাখা - ১, ২, ৩, ৪ এ e-filing পদ্ধতি ব্যবহার। পর্যায়ক্রমে অন্যান্য শাখাতেও e-filing পদ্ধতি চালুকরণ ও বাস্তবায়ণ।

সিদ্ধান্ত (৭): ই-প্রকিউরমেন্ট পদ্ধতির যথাযথ ব্যবস্থাপনা ও মনিটরিং করণ অব্যাহত রাখা।

সিদ্ধান্ত (৮): Online ভিত্তিক ভবনের তথ্য তৈরীকরণ ও বাস্তবায়নে মাঠ পর্যায় হতে প্রয়োজনীয় তথ্য সংগ্রহ করণ কাজ অব্যাহত রাখা।

সিদ্ধান্ত (৯): নাগরিক সেবায় সোশ্যাল মিডিয়া ও ফেসবুক পেজ এর যথাযথ ব্যবহারের বিষয়টি অব্যাহত রাখা।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

**(মোসলেহ্ উদ্দিন আহাম্মদ)**
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সমন্বয়)
ও
ইনোভেশন অফিসার
গণপূর্ত অধিদপ্তর, পূর্ত ভবন, ঢাকা।